

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়,
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং-০৩

তারিখ : ২৯/০৮/২০০৮

চেয়ারম্যান, পরিচালনা পর্যবেক্ষণ/ প্রধান নির্বাহী/ ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশের সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহে পরামর্শক ইত্যাদি নিয়োগ সম্পর্কিত নীতিমালা

সম্প্রতি পরিলক্ষিত হয়েছে যে, কতিপয় আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক তাদের চাকুরীবিধিতে উল্লেখিত চাকুরী কাঠামোর বাইরে পরামর্শক ইত্যাদি নামে অনেক ক্ষেত্রে নিয়মিত কর্মকর্তাদের অনুরূপ বেতন-ভাতাদি দিয়ে বিভিন্ন ব্যক্তিবর্গকে চুক্তি-ভিত্তিক নিয়োগ দেয়া হচ্ছে। পরামর্শক, যে নামেই অভিহিত করা হোক না কেন, নিয়োগ দানের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা অনুসরণের জন্য আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা দেয়া হলো :

১. সাধারণভাবে ট্যাঙ্ক, আইন ও মামলা, প্রকৌশলী ও কারিগরী, তথ্যপ্রযুক্তি, নতুন Financial Instrument প্রচলন ইত্যাদি বিশেষায়িত প্রকৃতির কাজের জন্য আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্যবেক্ষণ/প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালকের অনুরূপ বেতন-ভাতাদি দিয়ে বিভিন্ন ব্যক্তিবর্গকে চুক্তি-ভিত্তিক নিয়োগ দেয়া হচ্ছে। পরামর্শক, যে নামেই অভিহিত করা হোক না কেন, নিয়োগ দানের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা অনুসরণের জন্য আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা দেয়া হলো :
২. পরামর্শকের কার্যপরিধি সুনির্দিষ্ট হতে হবে। কার্যপরিধির বাইরে কোন কাজে তিনি সম্পৃক্ত হতে পারবেন না এবং আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা বিষয়ে তিনি কোন প্রকার ক্ষমতা প্রয়োগ করতে কিংবা সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সম্পৃক্ত হতে পারবেন না।
৩. মাসিক অথবা এককালীন থোক পারিশ্রমিক ব্যতিরেকে পরামর্শকের অনুকূলে অন্য কোন সুযোগ-সুবিধা প্রদান করা যাবে না।
৪. সুশাসন নিশ্চিতকালে উক্ত প্রতিষ্ঠানের কোন প্রান্তিন চেয়ারম্যান, পরিচালক, প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক বা উপদেষ্টাকে ঐ প্রতিষ্ঠানের পরামর্শক নিয়োগ করা যাবে না।
৫. পরামর্শক নিয়োগের ০৭(সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট পরামর্শকের জীবন-বৃত্তান্ত এবং পরামর্শক হিসাবে কার্যপরিধি বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ধারা ১৮ এর আওতায় প্রদত্ত ক্ষমতাবলে এই নীতিমালা জারী করা হল, যা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাণিস্থীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ খুরশীদ আলম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯১২০৯৫৬